[redacted]

[redacted]

[redacted]

[

এবং চুয়াডাঙ্গার তারিনীপুর গ্রামের সাপুড়ে দল।

এই দুই দল সাপুড়ে দলের অর্ধশতাধিক সাপের মধ্যে নিজেকে সেরা প্রমাণ করতে প্রতিটি সাপ প্রদর্শন করে নিজেদের আকর্ষণীয় কলাকৌশলে। আর এ দুর্লভ দৃশ্য দেখতে দূর-দূরান্ত থেকে ছুটে আসেন দর্শনার্থীরা। মানুষকে এ আনন্দ দেওয়াটাই যেন সাপুড়েদের মূল উদ্দেশ্যে।

দুপুরের পর থেকেই ঝাপান খেলা দেখতে দামুড়হুদা বেগো পাড়ায় ভিড় করে শত শত মানুষ। বাদ্যের তালে তালে সাপুড়েকে নিজে নাচতে হয় আর সঙ্গে ফনা তুলে সাপও বিভিন্ন অঙ্গভঙ্গি প্রদর্শন করে। সাপুড়ের ইশারায় সাপের এই অঙ্গভঙ্গি প্রদর্শন মানুষকে দেয় অনাবিল আনন্দ। আর তাই এই দুর্লভ দৃশ্য দেখতে দূরদুরান্ত থেকে ছুটে এসেছেন দর্শনার্থীরা।

চুয়াডাঙ্গা থেকে আসা চামেলী বেগম নামের এক গৃহবধূ বলেন, আমি জীবনের প্রথম ঝাপান খেলা এখানে এসে দেখছি। আমার খুব ভালো লেগেছে। আমি চাইব এ ধরনের আয়োজন যেন প্রতি বছর করা হয়। সাদিয়া আফরিন নামের অপর এক গৃহবধূ বলেন, আমি শহরে থাকি। ঝাপান খেলার কথা শুনে আমার বাচ্চাদের নিয়ে এসেছি। আমিও দেখছি আমার বাচ্চারাও দারুণ উপভোগ করছে। সাপ সম্পর্কে ওদের ধারণা হচ্ছে।

দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী বলেন, বিভিন্ন এলাকা থেকে বয়োবৃদ্ধ, নারী-পুরুষ, শিশুরা উপস্থিত থেকে নিবিড় দৃষ্টিতে সাপের খেলা উপভোগ করেন। এই খেলাকে ঘিরে এখানে সৃষ্টি হয় উৎসবের আমেজ। গ্রামবাংলার ঐতিহ্য যে এত মনোমুগ্ধকর, ঝাপান খেলা না দেখলে বোঝা যাবে না।

দামুড়হুদার হাউলী ইউনিয়নের তারিনী পুর গ্রাম থেকে আসা নজরুল ইসলাম নজু সাপুড়ে বলেন, মূলত আমাদের পেশা এটা না। আমরা মানুষকে আনন্দ দিয়। আর খেলা করে আনন্দ পাই। এ জন্যই দেশের বিভিন্ন স্থানে গিয়ে ঝাপান খেলা করি।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সদস্য সামসুল আলম বলেন, চিরায়ত বাংলার ঐহিত্যবাহী এ খেলা দিন দিন হারিয়ে যেতে বসেছে। হারিয়ে যাওয়া এই ঐতিহ্য ধরে রাখতে আর এলাকার মানুষকে একটু আনন্দ দিতেই এ আয়োজন।

খেলায় মেহেরপুর বলিয়ার পুর সাপুড়ে দলকে হারিয়ে দামুড়হুদার হাউলী

ইউনিয়নের তারিনী পুর গ্রামের নজু সাপুরের দল প্রথম হয়।

গ্রাম বাংলার ঐতিহ্যবাহী বিষধর সাপ নিয়ে ঝাপান খেলাটি আয়োজক করেন, দামুড়হুদা সদরের বেগো পাড়ার ভানুমতি।

স্ত্রীকে তালাক দিলেন ক্রিকেটার আল আমিন

জাতীয় দলের পেসার আল আমিন স্ত্রী ইসরাত জাহানকে তালাক দিয়েছেন। বৈবাহিক সম্পর্কের তিক্ততা বৃদ্ধি ও অনৈতিক কার্যকলাপের কারণে গত ২৫ আগস্ট তাকে তালাক দিয়েছেন বলে বৃহস্পতিবার আদালতে দেওয়া লিখিত জবাবে জানিয়েছেন আল আমিন।

আল আমিন বৃহস্পতিবার ঢাকার অতিরিক্ত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. তোফাজ্জল হোসেনের আদালতে উপস্থিত হন। এরপর মামলার বিষয়ে ৭ পাতার একটি লিখিত জবাব দাখিল করেন। এ বিষয়ে পাঁচদিন পর শুনানি হবে বলে জানান বাদীর আইনজীবী শামসুজ্জামান।

তিনি বলেন, আসামি আল আমিন আদালতে উপস্থিত হয়ে হাজিরা দেন। লিখিত জবাবে জানান, তিনি গত ২৫ আগস্ট তার স্ত্রীকে তালাক দিয়েছেন। তবে তার স্ত্রী তালাক সংক্রান্ত কোনো কাগজ পাননি।

এ বিষয়ে ক্রিকেটার আল আমিনের স্ত্রী ইসরাত জাহান বলেন, আমি তালাকের বিষয়ে কিছুই পাইনি। আমি ন্যায়বিচার চাই।

এর আগে ২৭ সেপ্টেম্বর ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শফি উদ্দিনের আদালতে ক্রিকেটার আল আমিন আত্মসমর্পণ করে আইনজীবীর মাধ্যমে জামিনের আবেদন করেন। শুনানি শেষে বিচারক পাঁচ হাজার টাকা মুচলেকায় ৬ অক্টোবর পর্যন্ত তার জামিন মঞ্জুর করেন।

তারও আগে ৭ সেপ্টেম্বর ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শফি উদ্দিনের আদালতে মামলাটি করেন আল-আমিনের স্ত্রী ইসরাত জাহান। আদালত মামলাটি আমলে নিয়ে আল-আমিনকে আদালতে হাজির হতে সমন জারি করেন।

মামলায় বলা হয়, ২০১২ সালের ২৬ ডিসেম্বর ইসলামি শরিয়াহ মোতাবেক ইসরাত জাহান ও আল-আমিন বিবাহবন্ধনে আবদ্ধ হন। তাদের দুটি পুত্রসন্তান রয়েছে। বড় ছেলে মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজে ইংরেজি ভার্সনে কেজিতে পড়াশোনা করছে। বেশ কিছুদিন ধরে আল-আমিন তার স্ত্রী-সন্তানদের ভরণ-পোষণ দেন না এবং খোঁজ না রেখে এড়িয়ে চলেন। যোগাযোগও করেন না।

গত ২৫ আগস্ট রাত সাড়ে ১০টার দিকে আল-আমিন বাসায় এসে স্ত্রীর কাছে যৌতুকের জন্য ২০ লাখ টাকা দাবি করেন। ইসরাত জাহান টাকা দিতে অস্বীকার করলে আল-আমিন তাকে এলোপাতাড়ি কিলঘুসিসহ লাথি মেরে শরীরের বিভিন্ন স্থানে জখম করেন। এ ঘটনায় ১ সেপ্টেম্বর মিরপুর মডেল থানায় মামলাও হয়।

ভিসা জটিলতায় সাকিব দলের সঙ্গে যোগ দেবেন কাল

ওয়েস্ট ইন্ডিজে ক্যারিবীয় প্রিমিয়ার লিগ খেলে বুধবার নিউজিল্যান্ডে গিয়ে দলের সঙ্গে যোগ দেওয়ার কথা ছিল সাকিব আল হাসানের; কিন্তু ভিসা জটিলতার কারণে নির্ধারিত সময়ে ক্রাইস্টচার্চে পৌঁছতে পারেননি বাংলাদেশ দলের অধিনায়ক সাকিব।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের মিডিয়া ম্যানেজার রাবিদ ইমাম বুধবার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন সবকিছু ঠিক থাকলে বৃহস্পতিবার দলের সঙ্গে যোগ দেবেন সাকিব।

এ ব্যাপারে বিসিবি জানায়, অধিনায়ক সাকিব আল হাসান ট্রানজিট ভিসাসংক্রান্ত জটিলতার জন্য দুই দিন দেরি হওয়ায় পর বৃহস্পতিবার বিকালে ক্রাইস্টচার্চে দলের সঙ্গে যোগ দেবেন। ৪ অক্টোবর তাহিতি হয়ে নিউজিল্যান্ডে পৌঁছার কথা ছিল সাকিবের। কিন্তু ভিসা জটিলতার কারণে ২ অক্টোবর লস অ্যাঞ্জেলেস আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ফ্লাইটে উঠতে পারেননি তিনি।

বিসিবি আরও জানায়, মনোনীত এয়ারলাইন্স সমস্যাটির সমাধান করেছে

এবং ৪ অক্টোবর লস অ্যাঞ্জেলস থেকে ছেড়ে যাওয়া পরবর্তী ফ্লাইটে নিউজিল্যান্ডে পৌঁছানোর জন্য তাকে নেওয়া হয়েছে।

মূলত ফ্লাইট জটিলতার কারণেই ত্রিদেশীয় সিরিজে অধিনায়কদের নিয়ে আজ অনুষ্ঠিত হয়ে যাওয়া ট্রফি ফটোসেশনে অংশগ্রহণ করতে পারেননি সাকিব।

সাকিবের অনুপস্থিতিতে দলের সহ-অধিনায়ক নুরুল হাসান সোহান যোগ দেন ট্রফি উন্মোচন অনুষ্ঠানে। বাবর আজম আর কেন উইলিয়ামসের পাশে দাঁড়িয়ে ট্রফির সঙ্গে ফটোসেশনে অংশ নেন সোহান।

মুশফিককে ছাড়িয়ে রোহিতের রেকর্ড

ক্রিকেট বিশ্বের এ সময়ের সেরা ব্যাটসম্যানদের মধ্যে অন্যতম রোহিত শর্মা। ভারতীয় এই ওপেনার মঙ্গলবার দক্ষিণ আফ্রিকার বিপক্ষে তিন ম্যাচ সিরিজের তৃতীয় খেলায় ইনিংসের দ্বিতীয় বলেই কাগিসো রাবাদার বলে বোল্ড হয়ে ফেরেন।

এদিন শূন্যরানে ফেরার মধ্য দিয়ে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে একটি রেকর্ড গড়ে ফেললেন রোহিত। ভারতের এই অধিনায়ক টপকে গেলেন বাংলাদেশের সাবেক অধিনায়ক মুশফিকুর রহিম ও আয়ারল্যান্ডের তারকা ক্রিকেটার কেভিন ও’ব্রায়নকে।

আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে সব থেকে বেশিবার (৪৩) শূন্য থেকে নয় রানের মধ্যে আউট হওয়ার রেকর্ড করলেন রোহিত।

এ তালিকায় রোহিত, কেভিন ও’ব্রায়েনের (৪২) পরেই রয়েছেন বাংলাদেশের মুশফিকুর রহিম (৪০), আফগানিস্তানের মোহাম্মদ নবি
(৩৯) এবং পাকিস্তানের শহিদ আফ্রিদি (৩৭)।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফ্লাইট মিস করায় বিশ্বকাপের বাইরে উইন্ডিজের শিমরন হেটমায়ার

ওয়েস্ট ইন্ডিজ দলের মারকুটে ব্যাটসম্যানদের মধ্যে অন্যতম শিমরন হেটমায়ার। সেই আগ্রাসী ব্যাটসম্যানকে এবার বিশ্বকাপে দেখা যাবে না। তার চার-ছক্কার ইনিংস দেখা থেকে বঞ্চিত হবেন দর্শক।

হেটমায়ারের বাদ পড়ার পেছনে তার ফর্ম দায়ী নয়। কিংবা তিনি ইনজুরিতেও পড়েননি। অস্ট্রেলিয়াগামী ফ্লাইট মিস করায় তাকে বাদ দেওয়া হয়েছে। তার জায়গায় দলে নেওয়া হয়েছে শামার ব্রুকসকে।

সিপিএল শেষ হওয়ার পর গত শনিবার ক্যারিবিয়ার বিভিন্ন দ্বীপ থেকে অস্ট্রেলিয়ার পথে রওনা হন ক্রিকেটাররা। গায়ানা অ্যামাজন ওয়ারিয়র্সের অধিনায়ক হেটমায়ারের ফ্লাইট ছিল শনিবারই। তবে তিনি বোর্ডকে অনুরোধ করেন তার যাত্রা একটু পিছিয়ে দিতে। পরে তার ফ্লাইট রাখা হয় সোমবার। কিন্তু ২৫ বছর বয়সি এই ব্যাটসম্যান সেদিনও না গিয়ে ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের পরিচালক জিমি অ্যাডামসকে জানিয়ে দিন, অস্ট্রেলিয়ায় যেতে পারছেন না তিনি। ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের বিবৃতিতে তুলে ধরা হয় ঘটনার বিস্তারিত।

‘শিমরন হেটমায়ার তার পুনর্নির্ধারিত ফ্লাইট মিস করায় ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের নির্বাচক প্যানেলে এ সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে। পারিবারিক কারণে তার অনুরোধের পরিপ্রেক্ষিতেই ১ অক্টোবরের বদলে ফ্লাইটের সূচিতে এই পরিবর্তন আনা হয়েছিল। ফ্লাইটের প্রাপ্যতা এখন সত্যিকার অর্থেই চ্যালেঞ্জের ব্যাপার, তার পরও ৩ অক্টোবর তার জন্য একটি আসনের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু আজকে সকালে হেটমায়ার বোর্ডের ক্রিকেট পরিচালককে জানিয়ে দেন, ফ্লাইট ধরার জন্য নির্ধারিত সময়ে তিনি বিমানবন্দরে যেতে পারবেন না।’

আগেও নানা সময়ে পারিবারিক ও ব্যক্তিগত কারণে ওয়েস্ট ইন্ডিজের খেলা মিস করেছেন হেটমায়ার। এ ছাড়া ফিটনেস পরীক্ষায় হাজির না হওয়ায় দলের বাইরে থাকতে হয়েছে অনেক সময়।

ম্যাচশেষে মিলারের কাছে ক্ষমা চাইলেন ডি কক

টস হেরে প্রথমে ব্যাট করতে নেমে দুর্দান্ত ব্যাট করে ভারতের প্রথম ৫ ব্যাটার। ওপেনার লোকেশ রাহুল ও মিডলঅর্ডার ব্যাটার সূর্যকুমার যাদবের দুর্দান্ত হাফসেঞ্চুরিতে মাত্র ৩ উইকেটে ২৩৭ রানের বিশাল স্কোর গড়ে ভারত।

২৩৮ রানের লক্ষ্য তাড়ায় শুরুতেই প্রোটিয়া শিবিরে আঘাত হানেন ভারতীয় পেসার আর্শদীপ সিং। অধিনায়ক টেম্বা বাভুমাকে রানের খাতাই খুলতে দেননি।

কিন্তু এতে ভড়কে যাননি আরেক ওপেনার কুইন্টন ডি কক ও মারকুটে ব্যাটার ডেভিড মিলার। বিধ্বংসী মেজাজে ব্যাট চালিয়ে দলকে লক্ষ্যের দিকে এগিয়ে নিচ্ছিলেন মিলার।

মাত্র ৪৭ বলে ১০৬ রানের দুর্দান্ত ইনিংস খেলেন এ প্রোটিয়া তারকা ব্যাটার। কিন্তু তাতে শেষ রক্ষা হয়নি।

মিলার অপরাজিত থাকলেও ১৬ রানে হেরে যায় দক্ষিণ আফ্রিকা। ফলে ২-০ তে টি-টোয়েন্টি সিরিজ নিজের করে নেয় রোহিত শর্মার দল।

এমন অবিশ্বাস্য ইনিংস খেলেও দলকে জেতাতে না পারার আক্ষেপে পুড়তেই পারেন মিলার। আর মিলারের সেই কষ্ট সমানভাবেই টের পেয়েছেন দলের অভিজ্ঞ তারকা ডি কক।

যে কারণে মিলারের কাছে দুঃখ প্রকাশই করলেন তিনি। মিলারের কাছে ক্ষমা চাইলেন ডি কক।

ম্যাচশেষে সে কথা জানিয়ে হতাশ মিলার বলেন, ‘খেলার পর ডি কক আমার কাছে এসে বলছিল— ভালো খেলেছ কিন্তু আমি ক্ষমা চাচ্ছি। কারণ এটি একটি ভালো উইকেট ছিল। ভারত শুরু থেকেই আমাদের চাপে রাখে। আমাদের প্রথম বল থেকেই মারতে হবে, এমন পরিস্থিতি ছিল। এখানে বৃষ্টি হয়েছে, তাই আবহাওয়া ছিল আর্দ্রতা বেশি। আমাদের বেশি করে পানি খেতে হচ্ছিল।’

ম্যাচে কুইন্টন ডি ককও দারুণ ব্যাট করেছেন। রোববার গৌহাটি স্টেডিয়ামে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে ওপেনিংয়ে নেমে ৪৮ বলে ৬৯ রান করেন তিনি।

এ ছাড়া চার নম্বরে নেমে এডেন মার্করাম ১৯ বলে ৩৩ রান করেন। তবে শেষ অবধি মিলার লড়াই চালিয়ে গেলেও ম্যাচ বাঁচাতে পারেননি।

তথ্যসূত্র: হিন্দুস্তান টাইমস

ইন্দোনেশিয়ায় ফুটবল মাঠে পদদলিত হয়ে নিহত বেড়ে ১৭৪

ইন্দোনেশিয়ায় একটি ফুটবল ম্যাচে দর্শকদের দুই গ্রুপের মারামারির জের ধরে পুলিশের লাঠিচার্জ ও টিয়ার গ্যাসে পালাতে গিয়ে ভিড়ের চাপে ও পায়ের নীচে পিষ্ট হওয়ার ঘটনায় সিহত বেড়ে ১৭৪ জনে দাাঁড়িয়েছে।

এ ঘটনায় আহত হয়েছে আরও ১৮০ জনের বেশি দর্শক। খবর এনবিসির।

পূর্ব জাভা প্রদেশে শনিবার রাতের অনুষ্ঠিত ফুটবল ম্যাচটিতে স্বাগতিক দল পরাজিত হওয়ার পর এটির সমর্থকরা মাঠে নেমে আসলে সংঘর্ষের সূত্রপাত হয়।

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলীয় মালাং শহরে ফুটবল খেলায় হারজিত নিয়ে এ সংঘর্ষ হয়। মালাং স্টেডিয়ামে আরেমা এফসি ও পেরসেবায়া সুরাবায়া নামের দুটি ফুটবল ক্লাবের মধ্যে খেলা চলছিল।

খেলায় আরেমাকে ৩–২ গোলে হারায় পেরসেবায়া। দুই দশকের বেশি সময়ের মধ্যে পেরসেবায়ার কাছে এই প্রথম কোনো ম্যাচে হারল আরেমা।

খেলা শেষ হওয়ার আগ মুহূর্তে আরেমা দলের সমর্থকরা মাঠে নেমে আসার পর তাদের ছত্রভঙ্গ করতে পুলিশ টিয়ারগ্যাস নিক্ষেপ ও লাঠিচার্জ করে।

এর ফলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে এবং এক সময় নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। কিছু মানুষ সংঘর্ষে জড়িয়ে পড়ে এবং নিরীহ লোকজন প্রাণভয়ে দিগ্বিদিগ ছুটতে থাকে।

এ সময় ভিড়ের চাপে বহু মানুষ মাটিতে পড়ে যায় এবং তারা আর উঠে দাঁড়াতে পারেনি। এ ঘটনার জন্য ক্ষমা চেয়ে ঘটনার তদন্তের আশ্বাস দিয়েছে ইন্দোনেশিয়া সরকার।

নিলা শুধু আমাদের কুষ্টিয়ার নয়, দেশের গর্ব ———- ডিসি সাইদুল ইসলাম

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেছেন, নিলা শুধু আমাদের কুষ্টিয়ার নয়, দেশের গর্ব। আজকের এই অনুষ্ঠানের মধ্যমনি নিলা আমাদের নারী সমাজের পথ প্রদর্শক। অবহেলিত নারী সমাজের আলোকবার্তা। নিলাকে অনুপ্রেরণা মনে করে কুষ্টিয়ার নারী ফুটবল এগিয়ে যাবে।

শনিবার কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার যৌথ আয়োজনে
সাফজয়ী বাংলাদেশি নারী ফুটবলার নিলুফা ইয়াসমীন নীলাকে নিজ জেলা কুষ্টিয়ায় সংবর্ধনা প্রদানকালে সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

জেলা প্রশাসক আরও বলেন,আমার বিশ্বাস নারী ফুটবলে জাগরণ সৃষ্টি হয়েছে বাংলাদেশ। ‘আজ আমরা অনেক আনন্দিত এই কারণে যে যারা সারা বিশ্বের কাছে বাংলাদেশের সুনাম তুলে ধরেছেন তাঁদের দলের অন্যতম একজন কুষ্টিয়ার মেয়ে নিলুফা ইয়াসমিন নীলা। তাঁকে সম্মানিত এবং বরণ করতে পেরে আমরাও সম্মানিত বোধ করছি।’

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা পুলিশ সুপার খাইরুল আলম, জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট অনুপ কুমার নন্দী এবং খুলনা বিভাগীয় ডিএফএ সভাপতি মকবুল হোসেন লাবলু, কুষ্টিয়া